# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জুলাই-২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব বিধান কান্তি হালদার<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সভাপতি, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, নবাবগঞ্জ, দিনাজপুর |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সভার তারিখ | : | ১৬ জুলাই, ২০২৬ |
| সময় | : | বেলা ১১.৩০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' এবং অনুপস্থিতি পরিশিষ্ট ''খ'' তে দেখানো হলো।

সভাপতি জনাব বিধান কান্তি হালদার, নবযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলের সামনে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী/সংযোজনী না থাকায় গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সকলে একমত পোষণ করেন। তিনি জানান যে, তিনি এ উপজেলায় সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, যেকোন ধরনের আইন-শৃঙ্খলা বিরোধী কার্যকলাপ পরিলক্ষিত হলে সাথে সাথে তাঁকে অবহিত করার জন্য অনুরোধ করেন। এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির বর্তমান অবস্থার বিষয়ে উপস্থিত সকলের মতামত আহবান করেন। অতঃপর সভায় তিনি নবাবগঞ্জ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে সংঘটিত অপরাধ সংক্রান্ত অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা কর্তৃক দাখিলকৃত মে ও জুন-২০২৬ মাসের নবাবগঞ্জ উপজেলার তুলনামূলক অপরাধ চিত্র ও মামলার বিবরণী উপস্থিত সকলের অবগতির জন্য উপস্থাপন করেন।

নবাবগঞ্জ উপজেলার সংঘটিত অপরাধ ও মামলা সংক্রান্ত পর্যালোচনার তুলনামূলক বিবরণী: অংশ-০১-

| মাসের নাম | ডাকাতি | দস্যুতা | খুনসহ ডাকাতি | দাঙ্গা | নারী নির্যাতন সংক্রান্ত মামলা | | | অপহরণ | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | চুরি | পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইন | ডিজিটাল নিয়ন্ত্রণ আইন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ধর্ষণ | এসিড নিক্ষেপ | অন্যান্য | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| মে-২০২৬ | -- | -- | -- | --- | ০১ | -- | -- | ০১ | -- | | ০১ | -- | -- |
| জুন-২০২৬ | -- | -- | -- | -- | ০১ | -- | -- | ০১ | -- | -- | ০১ | -- | -- |
| হ্রাস/বৃদ্ধি | -- | -- | -- | -- | ০০ | -- | -- | ০০ | -- | -- | ০০ | -- | -- |

নবাবগঞ্জ উপজেলার সংঘটিত অপরাধ ও মামলা সংক্রান্ত পর্যালোচনার তুলনামূলক বিবরণী: অংশ-০২-

| মাসের নাম | সড়ক দুর্ঘটনা | যৌন পীড়ন | যৌতুক | হত্যার প্ররোচনা | মাদক | চোরাচালান | বিস্ফোরক | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | অন্যান্য | সর্বমোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
| মে-২০২৬ | -- | -- | -- | -- | ১০ | -- | -- | -- | ১৫ | ২৮ |
| জুন-২০২৬ | -- | -- | -- | -- | --- | ১০ | -- | -- | ১৫ | ২৮ |
| হ্রাস/বৃদ্ধি | -- | -- | -- | -- | -- | ১০ | -- | -- | ০০ | ০০ |

<u>সিদ্ধান্ত</u>: বিশদ আলোচনান্তে আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে অবনতি না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ করা হয় এবং মামলা পর্যালোচনায় দেখা যায় যে, মে-২০২৬ মাসের তুলনায় জুন-২০২৬ মাসে মামলার সংখ্যা কমেছে। তাই অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানাকে মনিটরিং বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়।

406 low

<u>মোবাইল কোর্ট সংক্রান্ত আলোচনা:</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জুন-২০২৬ মাসে এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ভাবে রাখার জন্য মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনার প্রতিবেদন নিম্নোক্তভাবে উপস্থিত সকলের অবগতির জন্য উপস্থাপন করা হলো। তিনি আরও জানান যে, প্রতিমাসে মাদকসেবী, মাদকগ্রহণকারী এবং মাদকবিক্রেতাগণকে মোবাইল কোট এর মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হচ্ছে। তাই বর্ণিত বিষয়ে তথ্য প্রদান করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সাংবাদিক, গণ্যমান্য ব্যক্তিসহ উপস্থিত সকলকে অনুরোধ জানান এবং এ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

<u>-মোবাইল কোর্ট প্রতিবেদন সংক্রান্ত তথ্যাদি 'ছক' জুন ২০২৬ মাস-</u>

| বিভাগ | জেলা | যে আইনে মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে | পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | জরিমানার পরিমাণ (টাকায়) | কারাদন্ড প্রাপ্ত আসামীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| রংপুর | দিনাজপুর | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০২ টি | =১০০/- | এক মাস | ১২/০৬/২৬ |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | | | =১০০/- | এক মাস | |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০১ টি | =১০০/- | পনের দিন | ১৩/০৬/২৬ |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০১ টি | =১০০/- | এক বছর | ১৫/০৬/২৬ |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০৩ টি | =৫০০/- | ছয় মাস | ১৭/০৬/২৬ |
| | | দন্ড বিধি ১৮৬০ এর ৫০৯ ধারা | | | - | সাত দিন | |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | | | =২০০/- | ছয় মাস | |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০১ টি | =১০০/- | দুই মাস | ১৯/০৬/২৬ |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০৩ টি | =৫০০/- | ছয় মাস | ২০/০৬/২৬ |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | | | =৫০০/- | ছয় মাস | |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | | | =৫০০/- | ছয় মাস | |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০২ টি | =৪০০/- | ছয় মাস | ২৩/৬/২৬ |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | | | =৫০০/- | ছয় মাস | |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০২ টি | =৩০০/- | ছয় মাস | ২৭/০৬/২৬ |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | | | =৫০০/- | ছয় মাস | |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০১ টি | =৩০০/- | ছয় মাস | ২৮/০৬/২৬ |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | ০১ টি | ০২ টি | =১০০/- | এক মাস | ৩০/০৬/২৬ |
| | | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (৫) ধারায় | | | =১০০/- | এক মাস | |
| | | মোট= | ১০ টি | ১৮ টি | =৪৯০০/- | ১৮ জন | -- |

সিদ্ধান্ত: বিশদ আলোচনায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আইনগত সহায়তা করার জন্য অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানাকে অনুরোধ করা হয় এবং মোবাইল সংক্রান্ত বিষয়ে সচেতনতা মূলক প্রচার প্রচারণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

অত:পর সভাপতি উপস্থিত সকল দপ্তর প্রধান ও মিড়িয়া কর্মী এবং জনপ্রতিনিধিকে এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে মতামত প্রদান করার জন্য অনুরোধ করেন এবং আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| দপ্তর/ বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা প্রশাসন | সভাপতি সভার শুরুতে এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করাসহ এ উপজেলার আইন-শৃংঙ্খলা সংক্রান্ত বিভিন্ন তথ্য তাকেঁ অবহিত করার জন্য অনুরোধ জানান । | ০১-সিদ্ধান্ত: মাদক, জুয়া, চুরি, ডাকাতি, রাহাজানি, বাল্যবিবাহ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং মোবাইল কোর্ট এর সিডিউলভুক্ত বিষয়ে মোবাইল কোর্ট অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার , সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা। |
| | তিনি আরও জানান যে, এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি সর্বদা তৎপর। অপরাধ বিষয়ে কারও কাছে কোন তথ্য থাকলে তা উপজেলা প্রশাসন ও অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানাকে অবহিত করার জন্য উপস্থিত সবাইকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, উপজেলা প্রশাসন মাদকদ্রব্য বিক্রয়, সেবন, অবৈধ বালু উত্তোলন, চোরাকারীকারী, অবৈধ ব্যবসায়ীদের বিষয়ে কোন তথ্য থাকলে তাহা উপজেলা প্রশাসন ও অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানাকে অবহিত করার জন্য উপস্থিত সবাইকে অনুরোধ জানান।<br>তিনি সভায় আরও জানান যে নবাবগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় নিয়মিত অবৈধ বালু উত্তোলনসহ জুয়াখেলা চলছে এবং গ্রামে গ্রামে দোকানের বিভিন্ন মোড়ে অনলাইন জুয়া, অবাধে মাদকবিক্রেতা মাদক বিক্রি করে যুব সমাজকে ধ্বংসের দিকে ধাবিত করছে। তাই বর্ণিত বিষয়ে সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে । তাই বর্ণিত বিষয়ে উপস্থিত সকলকে সহযোগিতা করার জন্য উপস্থিত সকলে অনুরোধ জানান। | সিদ্ধান্ত: ০২: আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে উপস্থিত সকলকে সহযোগিতা করার বিষয়ে অনুরোধ করা হয়। | ০২। উপজেলা নির্বাহী অফিসার সহকারী কমিশনার (ভূমি) নবাবগঞ্জ, দিনাজপুর ও সংশ্লিষ্ট সকল |
| | তিনি সভায় আরও জানান যে, নবাবগঞ্জ উপজেলায় যেসব অবৈধভাবে স্থাপিত ক্লিনিক বা ডায়াগনষ্টিক সেন্টার পরিচালনা করে কার্যক্রম চালাচ্ছে সেগুলোর তালিকা তৈরি করে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে তাই সেগুলোর বিষয়ে কোন তথ্য বা অভিযোগ থাকলে উপজেলা প্রশাসনকে অবহিত করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। | সিদ্ধান্ত: ০৩: নবাবগঞ্জ উপজেলার স্বাস্থ্যসেবার মান বৃদ্ধি করার জন্য অবৈধভাবে স্থাপিত ক্লিনিক বা ডায়াগনষ্টিক সেন্টারের তালিকা তৈরি করার জন্য উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর কে অনুরোধ করা হয়। | ০৩। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা নবাবগঞ্জ, দিনাজপুর। |
| | তিনি সভায় আরও জানান যে, নবাবগঞ্জ উপজেলায় ইউনিয়নের বিভিন্ন রাস্তাসমূহে অধিক ভারবাহী ১০ চাকার ড্রামগাড়ী/ট্রাক চলাচলের কারনে রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে তাই এ ধরনের কোন যানবাহন চলাচল করলে উপজেলা প্রশাসন কিংবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অবহিত করার জন্য অনুরোধ জানান। | সিদ্ধান্ত: ০৪: প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০৪। উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা। |
| | তিনি সভায় আরও জানান যে, বর্তমানে বর্ষা মৌসুম হওয়ায় নদী , খাল বিল ও মাঠে পানি জমা হয়েছে তাই বিভিন্ন রকমের মাছের পোনা নদী, খাল, বিল, ও মাঠে উঠে আসায় বিভিন্ন অবৈধ রিং জাল/চায়না জালের মাধ্যম সেগুলো নিধন করা হচ্ছে। তাই সে বিষয়ে নজরদারি/মনিটরিং বৃদ্ধি করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। | সিদ্ধান্ত-০৫: অবৈধ জাল ব্যবহাররোধে উপজেলা মৎস্য কর্মকর্তা, নবাবগঞ্জকে নজরদারি/মনিটরিং বৃদ্ধি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলার বিভিন্ন দপ্তর | অফিসার ইনচার্জ, নবাবগঞ্জ থানা সভায় জানান যে, এ উপজেলার বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি অনেক ভালো, মোটর সাইকেল চুরিসহ অন্যান্য চুরির হার অনেকটা কমেছে। তাই এধারা অব্যাহত রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরও জানান যে, মাদকদ্রব্য সেবন ও পাচারের বিষয়ে তিনি জিরো টলারেন্স তাই বর্ণিত বিষয়ে তাঁকে তথ্য দিয়ে সহয়োগিতা করার জন্য অনুরোধ জানান।<br><br>অফিসার ইনচার্জ, নবাবগঞ্জ থানা সভায় আরও জানান যে, নবাবগঞ্জ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি জোরালো করার জন্য ৬নং ভাদুরিয়া ইউনিয়নের সেন্টার পয়েন্টে পুলিশফাড়ি এর বিশেষ প্রয়োজন। সেখানে পুলিশফাড়ি স্থাপিত হলে এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার ক্ষেত্রে সহায়ক হবে তাই ৬নং ভাদুরিয়া ইউনিয়নের সেন্টার পয়েন্টে পুলিশফাড়ি স্থাপন করার বিষয়ে উপস্থিত সকলের মতামত প্রদানসহ প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করার জন্য তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান। | সিদ্ধান্ত: ০৬: আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে উপস্থিত সকলকে সহযোগিতা করার বিষয়ে অনুরোধ করা হয়।<br><br>সিদ্ধান্ত: ০৭: নবাবগঞ্জ উপজেলার ৬নং ভাদুরিয়া ইউনিয়নের সেন্টার পয়েন্টে পুলিশফাড়ি স্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা কিংবা সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রদান করার বিষয়ে অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা, দিনাজপুর কে অনুরোধ করা হয়। | ০৬। অফিসার ইন-চার্জ থানা, দিনাজপুর।<br><br>০৭। অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা, দিনাজপুর। |
| | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবেই পরিচালিত হচ্ছে বর্তমানে কোন সমস্যা পরিলক্ষিত হচ্ছে না। তাই তার দপ্তরের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | ০৮-সিদ্ধান্ত: তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ০৮। উপজেলা কৃষি অফিসার |
| | উপজেলা মাধ্যামিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবেই পরিচালিত হচ্ছে বর্তমানে কোন সমস্যা পরিলক্ষিত হচ্ছে না।<br>তিনি সভায় জানান যে, আগামী ০২ জুলাই-২০২৬ তারিখ থেকে এইচএসসি ও সমান পরিক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য কামনা করেন।<br>তিনি সভায় আরও জানান যে, মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার মান উন্নয়ন উপস্থিত সকলের মনিটরিং বৃদ্ধি করা একান্ত প্রয়োজন তাই সংশ্লিষ্ট সকলকে মনিটরিং বৃদ্ধি করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান।<br>তিনি আরও জানান যে, কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের সামনে বখাটে ছেলেরা মেয়েদের ইভটিজিং কিংবা ডিস্টাব করে থাকেন। সে কারনে<br>পড়ুয়া ছাত্রীরা ভালোভাবে চলাফেরা করতে পারে না তাই বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান।<br><br>তিনি সভায় আরও জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানের আশে পাশে কিংবা নিকটে দোকান যাতে বসতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা কিংবা নির্দেশনা প্রদান করা প্রয়োজন। প্রতিষ্ঠান প্রধানদের বর্ণিত বিষয় নির্দেশনা প্রদান করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানান। | ০৯-সিদ্ধান্ত: শিক্ষা প্রতিষ্ঠানে মনিটিরিং বৃদ্ধি করার বিয়ষে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকতা ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে তিনি ও তার দপ্তরের লোকজন সর্বাত্নক ভাবে কাজ করে যাচ্ছে। তাই শিক্ষার মান উন্নয়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার উপস্থিত সকলকে অনুরোধ জানান<br><br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় আরও জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের সচেতনতা বৃদ্ধির জন্য সমাবেশ কিংবা বৈঠক করতে হবে। তাই সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | ১০-সিদ্ধান্ত: তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ১০। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, প্রতিবন্ধীদের সুবর্ন কার্ড এর ক্ষেত্রে ডাক্তারসহ অন্যান্য জড়িত ব্যক্তিদের স্বাক্ষর জাল করা হচ্ছে এবং ভাতাভোগীদের কাছ থেকে গোপন পিন নাম্বার সংগ্রহ করে ভাতাভোগীদের টাকা হাতিয়ে নেয়া হচ্ছে। তাই সংশ্লিষ্ট বিষয়টি সচেতনতা বৃদ্ধির জন্য বহুল প্রচারের জন্য তিনি অনুরোধ জানান। | ১১-সিদ্ধান্ত: তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয় এবং বিষয়টি বহুল প্রচারের জন্য বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর |
| | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নে নারী নির্যাতন রোধে উঠান বৈঠক অনুষ্ঠিত হবে। উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য সভার সভাপতিসহ উপস্থিত সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হয়ে আসছে এবং কার্যক্রম পরিচালনার জন্য তিনি উপস্থিত সকলের কাছে সহযোগিতা কামনা করেন। | ১২-সিদ্ধান্ত: নিয়মিত উঠান বৈঠক আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর ও সংশ্লিষ্ট সকল |
| | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, নবাবগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন জায়গায় উঠান বৈঠকের আয়োজন করা হয়। উক্ত উঠান বৈঠকে মহিলাদের নিয়ে মত বিনিময় করা হয়।<br>তাই তার অন্যান্য দপ্তরের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | ১৩-সিদ্ধান্ত: নিয়মিত উঠান বৈঠক আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ১৩। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর<br><br>ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| প্রেস ক্লাব প্রতিনিধি ও অন্যান্য | সভায় নবাবগঞ্জ প্রেসক্লাব প্রতিনিধি জনাব মো: মতিয়ার রহমান সভায় জানান যে, নবাবগঞ্জ উপজেলার ছোট রোডগুলোতে ট্রাক্টর বেপরোয়া ভাবে চলছে, যার ফলে বিভিন্ন সময়ে বিভিন্ন রকম দূর্ঘটনার স্বীকার হয়। তাই এসব গাড়ি যেন স্পিড কমিয়ে চালানো হয় সেদিকে একটু নজর দিতে হবে উপজলা প্রশাসনকে অনুরোধ জানান।<br>এবং তিনি আরও জানান যে, তাঁর ইউনিয়নের বিভিন্ন জায়গায় চুরি ও মাদকদ্রব্য সেবন, বিভিন্ন অবৈধ নেশাজাতীয় পানীয় বিক্রয়ের হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে তাই এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রশাসন কিংবা অফিসার ইনচার্জ-নবাবগঞ্জ থানাকে অনুরোধ জানান। | ১৪। সিদ্ধান্ত: এ বিষয়ে প্রয়োজনীয় মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৪। উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা ও সংশ্লিষ্ট (সকল) |
| | সভায় নবাবগঞ্জ প্রেসক্লাব প্রতিনিধি জনাব মো: হাফিজুর রহমান সভায় নবযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসারকে শুভেচ্ছো জ্ঞাপনপূর্বক জানান যে বর্তমানে এ উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে অনেক ভালো। তাই এ পরিস্থিতির ধারাবাহিকতা বজায় রাখার জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ জানান।<br><br>সভায় প্রেস ক্লোব প্রতিনিধি জনাব মো: ওয়েজকুরুনি সভায় জানান যে, এবং তিনি আরও জানান যে, তাঁরইউনিয়নের বিভিন্ন জায়গায় চুরি ও মাদকদ্রব্য সেবন, বিভিন্ন অবৈধ নেশাজাতীয় পানীয় বিক্রয়ের হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে তাই এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রশাসন কিংবা অফিসার ইনচার্জ-নবাবগঞ্জ থানাকে অনুরোধ জানান। | ১৫। সিদ্ধান্ত: আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে উপস্থিত সকলকে সহযোগিতা করার বিষয়ে অনুরোধ করা হয়। | ১৫। উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা ও সংশ্লিষ্ট (সকল) |
| ইউনিয়ন পরিষদ এর আলোচনা | ০১নং জয়পুর, ২নং বিনোদনগর, ৩নং গোলাপাগঞ্জ, ৪নং শালখুরিয়া , ৫নং পুটিমারা , ৬নং ভাদুরিয়া, ৭নং দাউদপুর, ৮নং মাহমুদপুর ও ৯নং কুশদহ ইউপি চেয়ারম্যানগণ সভায় জানান যে, তাদের ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং এ ধারা অব্যাহত রাখার জন্য তাঁরা উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | ১৬। সিদ্ধান্ত: ইউনিয়ন পরিষদের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১৬। ইউপি চেয়ারম্যানগণ |
| | ইউনিয়ন পরিষদ সংক্রান্ত আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান যে, প্রতিটি ইউনিয়ন পরিষদে প্রতি মাসে আইন-শৃঙ্খলা কমিটির সভা আহবান করে সভার কার্যবিবরণী উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা আহবানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার বররাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১৭। সিদ্ধান্ত: ইউনিয়ন পরিষদের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১৭। ইউপি চেয়ারম্যানগণ |

অত:পর এ উপজেলার আইন-শৃঙ্খলাসহ মাদক, সন্ত্রাস, বাল্যবিবাহ, জঙ্গিবাদ, খুন, ধর্ষণ, জুয়া ও অন্যান্য অপরাধের বিরুদ্ধে প্রত্যেককে প্রত্যেকের অবস্থান থেকে সহযোগিতার আহবান জানিয়ে আর কোন বক্তব্য না থাকায় সভাপতি কর্তৃক ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/০৭/২৬

বিধান কান্তি হালদার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
নবাবগঞ্জ, দিনাজপুর।

411 low

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।
nawabganj.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৬৯.০০০.০০.০০০.২৬-৭১০(১০০)

তারিখঃ ১৬ জুলাই, ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মাননীয় সংসদ সদস্য-১১, দিনাজপুর-৬ ও মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যান মন্ত্রণালয় ( মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৫। উপজেলা.........................................................অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।
৬। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পার্বতীপুর সার্কেল, দিনাজপুর।
৭। চেয়ারম্যান,...............................................(সকল) ইউপি, নবাবগঞ্জ, দিনাজপুর।
৮। সভাপতি/ সম্পাদক,......................................................নবাবগঞ্জ, দিনাজপুর।
৯। জনাব...................................................................নবাবগঞ্জ, দিনাজপুর।
১০। অফিস কপি।

১৬/০৭/২৬

বিধান কান্তি হালদার
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর